



ঢাকা-নয়াদিল্লি সম্পর্কে নতুন গতি আনার প্রত্যাশা ভারতের



ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল। ছবি: সংগৃহীত

বাংলাদেশের সঙ্গে বহুমুখী সহযোগিতা আরও শক্তিশালী করতে আগ্রহ প্রকাশ করেছে ভারত। শুক্রবার (২০ ফেব্রুয়ারি) সাপ্তাহিক ব্রিফিংয়ে এ তথ্য জানান ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল।

বাংলাদেশের সঙ্গে ভবিষ্যৎ সম্পর্ক নিয়ে প্রশ্নের জবাবে তিনি বলেন, ভারতের প্রধানমন্ত্রী ইতোমধ্যে বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানকে শুভেচ্ছা জানিয়েছেন। এছাড়া ১৭ ফেব্রুয়ারি শপথ অনুষ্ঠানে অংশ নিতে ভারতের লোকসভার স্পিকার ওম বিড়লা ঢাকা সফর করেন। সে সময় তিনি ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির পাঠানো চিঠি বাংলাদেশের প্রধানমন্ত্রীর কাছে পৌঁছে দেন। সফরকালে দুই নেতার মধ্যে দ্বিপাক্ষিক বৈঠকও অনুষ্ঠিত হয়।

মুখপাত্র জানান, ওই চিঠিতে একটি গণতান্ত্রিক, প্রগতিশীল ও অন্তর্ভুক্তিমূলক বাংলাদেশ গঠনে ভারতের সমর্থনের কথা পুনর্ব্যক্ত করা হয়েছে। পাশাপাশি দুই দেশের ঐতিহাসিক ও ঘনিষ্ঠ সম্পর্কের ভিত্তিতে সহযোগিতার ক্ষেত্র আরও বিস্তৃত করার প্রত্যাশার কথাও উল্লেখ রয়েছে।

ব্রিফিংয়ে ভিসা কার্যক্রম নিয়েও কথা বলেন জয়সওয়াল। তিনি জানান, এ সংক্রান্ত বিষয়গুলো ধাপে ধাপে আলোচনার মাধ্যমে সমাধানে এগোতে চায় নয়াদিল্লি।

উল্লেখ্য, মানবতাবিরোধী অপরাধে দণ্ডিত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভারতে চলে যাওয়ার পর দুই দেশের সম্পর্কের মধ্যে টানাপোড়েন তৈরি হয়। অন্তর্বর্তী সরকারের সময় তা আরও জটিল হয়ে ওঠে। তবে সাম্প্রতিক নির্বাচনের পর নতুন সরকার দায়িত্ব নেওয়ায় সম্পর্ক উন্নয়নের সন্তাবনা তৈরি হয়েছে বলে বিশ্লেষকদের ধারণা।